



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

(কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, রংপুর, জামালপুর, গাইবান্ধা,
বগুড়া, সিরাজগঞ্জ ও টাঙ্গাইল জেলার জন্য)

প্রকাশের তারিখ: ০১/০৭/২০২৪

হালনাগাদের তারিখ: ০২/০৭/২০২৪

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুযায়ী আগামী ৪৮-৭২ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এসময় উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কতিপয় পয়েন্টে বিপদসীমা অতিক্রম করে সংশ্লিষ্ট নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি করতে পারে। এছাড়া আগামী ৫ দিনে যমুনা নদীর পানির উচ্চতা কোনো কোনো স্থানে বিপদসীমা অতিক্রম করতে পারে। এর ফলে জামালপুর, গাইবান্ধা, বগুড়া, সিরাজগঞ্জ ও টাঙ্গাইল জেলার নদী সংলগ্ন নিচু এলাকা প্লাবিত হতে পারে।

এমতাবস্থায় ভারী বৃষ্টিপাত ও বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বন্যা কবলিত হওয়ার আগেই দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- ২। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৩। জমির আইল উঁচু করে দিন।
- ৪। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৫। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৬। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৭। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ৮। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।

(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com